



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
সেইফটি অধিশাখা
শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে গঠিত “complaint committee” এর নভেম্বর, ২০২৪ সভার কার্যবিবরণী

সভাপতি	মোছাঃ জুলিয়া জেসমিন যুগ্ম মহাপরিদর্শক
সভার তারিখ	১৮ নভেম্বর, ২০২৪ খ্রি:
সভার সময়	দুপুর ২:৩০ ঘটিকা
স্থান	যুগ্ম মহাপরিদর্শক, স্বাস্থ্য অধিশাখা এর কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-‘ক’

নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে গঠিত “complaint committee”র সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু হয়।

২। সভাপতি মহোদয় ও প্রধান কার্যালয়ের এ কমিটির আহ্বায়ক সভায় অবগত করেন যে কর্মক্ষেত্রে নারীর প্রতি যৌন হয়রানি প্রতিরোধ বিষয়ে স্বচ্ছ ধারণা ও সচেতনতা সৃষ্টিকরণে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর প্রশিক্ষণ আয়োজন করে থাকে। এরই ধারাবাহিকতায়, প্রধান কার্যালয়সহ উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের কর্মকর্তাদের অংশগ্রহণে গত ২৯-১০-২০২৪ খ্রি. একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এছাড়াও, প্রধান কার্যালয়, গাজীপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল ও মানিকগঞ্জের কর্মকর্তাদের অংশগ্রহণে গত ০৬-১১-২০২৪ খ্রি. সাভারে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়।

এ কমিটির অন্যতম সদস্য জনাব এস এম জিসান, উপমহাপরিদর্শক, মানব সম্পদ উন্নয়ন শাখাকর্মক্ষেত্রে নারীর প্রতি যৌন হয়রানি প্রতিরোধে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা তুলে ধরেন ও বলেন যে, এরূপ প্রশিক্ষণ আয়োজন চলমান থাকবে। এক্ষেত্রে, প্রশিক্ষণ আয়োজনে তিনি বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর সহযোগিতা কামনা করেন।

জবাবে, জনাব মাহবুবা আক্তার, পরিচালক, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আয়োজিত কর্মশালায় ব্লাস্ট প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে মর্মে অবহিত করেন।

৩। “complaint committee”র অন্যতম সদস্য জনাব এডভোকেট হাসিনা খানম, লিগ্যাল অফিসার, সেইফটি এন্ড রাইটস সোসাইটি, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে নারীর প্রতি যৌন হয়রানি নিরসন ও প্রতিরোধে একটি SOP এর প্রয়োজনীয়তা তুলে ধরেন।

সভাপতি মহোদয় বলেন যে, SOP এর খসড়া চূড়ান্তকরণে কর্মশালা আয়োজনে আইএলও এর সহযোগিতা গ্রহণ করা হবে।

৪। জনাব এস এম জিসান, উপমহাপরিদর্শক, মানব সম্পদ উন্নয়ন শাখা বলেন যে, উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে গঠিত “complaint committee”র কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন ষাণ্মাসিক ভিত্তিতে গ্রহণ করা প্রয়োজন। সভাপতি মহোদয় এতে একমত পোষণ করেন এবং বলেন যে, “complaint committee”র কার্যক্রম সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন এখন থেকে অর্থবছর ধরে প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

৫। সভাপতি মহোদয় কর্মক্ষেত্রে নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের ভূমিকা তুলে ধরেন এবং বলেন যে, কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধে বিধি ৩৬১ক বাস্তবায়নের লক্ষ্যে কমিটি গঠন করতে হবে এবং উক্ত কমিটির নাম হবে “অভিযোগ কমিটি”। যে সকল কারখানা/প্রতিষ্ঠানে অভিযোগ কমিটি গঠন করা হয়নি, নিয়মিত পরিদর্শনের পর উক্ত কারখানা/ প্রতিষ্ঠানসমূহে “অভিযোগ কমিটি” গঠনের

নির্দেশনা দিয়ে নোটিশ প্রদান করতে হবে।

সিদ্ধান্তসমূহঃ

১। প্রধান কার্যালয় ও উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের কর্মকর্তাদের নিয়ে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আয়োজনে প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

২। নারীর প্রতি যৌন হয়রানি নিরসন ও প্রতিরোধে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জন্য SOP এর খসড়া চূড়ান্তকরণে আইএলও এর সহযোগিতায় কর্মশালা আয়োজন করা হবে।

৩। উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে গঠিত "complaint committee"র কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন ষাণ্মাসিক ভিত্তিতে গ্রহণ করা হবে।

৪। মন্ত্রণালয়ে প্রেরণের জন্য "complaint committee"র কার্যক্রম সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন অর্থবছর ধরে প্রস্তুত করা হবে।

৫। কারখানা/প্রতিষ্ঠানে কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধে বিধি ৩৬১ক বাস্তবায়নের লক্ষ্যে কমিটি গঠন করতে হবে এবং উক্ত কমিটির নাম হবে “অভিযোগ কমিটি”।

৬। যে সকল কারখানা/প্রতিষ্ঠানে “অভিযোগ কমিটি” গঠন করা হয়নি, নিয়মিত পরিদর্শনের পর উক্ত কারখানা/প্রতিষ্ঠানসমূহে “অভিযোগ কমিটি” গঠনের নির্দেশনা দিয়ে নোটিশ প্রদান করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

সকল সংযুক্তিসমূহ:

(১) Notice 18.11.2024

(২) Attendance



০১-১২-২০২৪

মোছাঃ জুলিয়া জেসমিন

যুগ্ম মহাপরিদর্শক

healthwing.dife@gmail.com

নম্বর: ৪০.০১.০০০০.১০২.১৮.০০৬.২১.১০৫

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্ম মহাপরিদর্শক (সকল)।

২। উপমহাপরিদর্শক (সাধারণ/সেইফটি/স্বাস্থ্য/প্রশাসন/মানবসম্পদ/অর্থ ও হিসাব/পরিকল্পনা ও উন্নয়ন/মনিটরিং ও মূল্যায়ন/আইএসইউ)।

৩। উপমহাপরিদর্শক (৩১ কার্যালয়), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

৪। জনাব মাহবুবা আক্তার, পরিচালক, এডভোকেসী এন্ড কমিউনিকেশন, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট

(ব্লাস্ট)।

৫। এডভোকেট হাসিনা খানম, লিগ্যাল অফিসার, সেফটি এন্ড রাইটস সোসাইটি।

৬। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

৭। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক) (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮। সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য), শৃঙ্খলা ও তদন্ত উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

৯। সহকারী মহাপরিদর্শক (সেফটি), সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

১০। অফিস কপি।



০১-১২-২০২৪

মোছাঃ জুলিয়া জেসমিন

যুগ্ম মহাপরিদর্শক